গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

নং- ৪৪.০০.০০০০.০২৪.০৫.০২১.২০১৯- তারিখ ঃ ০৫ আগস্ট, ২০১৯ খ্রিঃ।
২১ শ্রাবণ ১৪২৬ বঃ

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | ০৫/০৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোস্তাফা কামাল উদ্দীন, সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| স্থান | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৫/০৮/২০১৯, বিকাল ৩.০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট), বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম ও কার্যবিবরণীর বিষয়বস্তু সভাকে অবহিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বাজেট-১ শাখার উপসচিব আলোচ্যসুচি অনুযায়ী সভার আলোচ্য বিষয়বস্তু উপস্থাপন করেন।

০২। আলোচনা-১ঃ জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের গত ২০১৮-২০১৯ অর্থবছরের APA কমিটির মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত APA নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। উপস্থাপিত APA প্রতিবেদনের মূল্যায়নের বিষয়ে সকলে একমত পোষণ করেন। প্রতিবেদনটি(পরিশিষ্ট-খ) অনুমোদিত হওয়ায় মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। আলোচনা-২ঃ জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০১৯-২০২০ অর্থবছরের স্ব-স্ব দপ্তরের বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনার বিষয় বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত বার্ষিক ক্রয় পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। উপস্থাপিত বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রয়োজন অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় যোগ্য প্রয়োজনীয় সরঞ্জাম ক্রয়ের পক্ষে সকলে মত দেন। জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০১৯-২০২০ অর্থবছরের স্ব-স্ব দপ্তরের বার্ষিক ক্রয় পরিকল্পনা জননিরাপত্তা বিভাগে সর্বোচ্চ ১ মাসের মধ্যে প্রেরণ করার বিষয়ে মত দেন। তাছাড়া চলতি ২০১৯-২০২০ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৪। আলোচনা-৩ঃ জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পর্যালোচনা বিষয় বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত বাজেট বাস্তবায়ন পর্যালোচনা বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। উপস্থাপিত ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট বাস্তবায়ন নিজ নিজ পরিকল্পনা জননিরাপত্তা বিভাগে আগামী ৩০ আগস্ট, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করার বিষয়ে মত দেন।

০৫। আলোচনা-৪ঃ জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০২০-২০২১ ও ২০২১ ২০২২ অর্থবছরের বাজেট প্রক্ষেপন বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত আগামী ২০২০-২০২১ ও ২০২১ ২০২২ অর্থবছরের বাজেট প্রক্ষেপন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। উপস্থাপিত আগামী ২০২০-২০২১ ও ২০২১ ২০২২ অর্থবছরের বাজেট প্রক্ষেপন এবং অতিরিক্ত চাহিদা জননিরাপত্তা বিভাগে আগামী ৩০ আগস্ট, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করার বিষয়ে মত দেন।

০৬। আলোচনা-৫ঃ জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০১৯-২০২০ অর্থবছরের আয় ব্যয়ের হিসাব ও ক্রয় ব্যাবস্থাপনা পর্যালোচনা বিষয় বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত চলতি ২০১৯-২০২০ অর্থবছরের আয় ব্যয়ের হিসাব ও ক্রয় ব্যাবস্থাপনা বিস্তারিতভাবে আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। উপস্থাপিত চলতি ২০১৯-২০২০ অর্থবছরের আয় ব্যয়ের হিসাব ও ক্রয় ব্যাবস্থাপনা বাজেট বাস্তবায়ন পর্যালোচনা এবং অতিরিক্ত চাহিদা জননিরাপত্তা বিভাগে আগামী ২৯ আগস্ট, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করার বিষয়ে মত দেন।

০৭। আলোচনা-৬ঃ জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের স্ব-স্ব দপ্তর/অধিদপ্তরের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা পর্যলোচনার বিষয় বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যেকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট সালে উপস্থাপিত ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা যাচাইপূর্বক পুস্তিকা জননিরাপত্তা বিভাগে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করার বিষয়ে মত প্রকাশ করেন।

০৮। আলোচনা-৭ বিবিধঃ

৮.১। চলতি ২০১৯-২০২০ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট নিয়ে বিস্তারিত আলোচনা হয়। চলতি ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট এবং জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের বাজেট বাস্তবায়ন তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি চলতি ২০১৯-২০২০ অর্থবছরের বাজেটে ১য় কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন নিদিষ্ট সময়সীমার মধ্যে বাজেট সঠিকভাবে বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন।

চলমান পাতা-২

৮.২। সভায় পুলিশ ও বিজিবির প্রতিনিধিগণ জানান যে, বাংলাদেশ পুলিশ, বিজিবি অন্যান্য সংস্থার টিওএন্ডইভুক্ত যানবাহন ক্রয়ের জন্য স্ব-স্ব দপ্তরে বাজেট বরাদ্দ থাকার পরও অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের অর্থছাড়ে বিলম্বের কারণে সময়মত যানবাহন ক্রয় করা যাচ্ছে না। সভাপতি সদস্যগণকে সরকারের নীতিমালা অনুযায়ী সকল প্রশাসনিক কার্যক্রম শেষ করে চাহিদাপত্র অগ্রায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করেন । তবে এ বিষয়ে ত্রিপক্ষীয় সভা করে সমস্যার সমাধান করা যেতে পারে কিনা তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় পরামর্শ প্রদান করেন।

৮.৩। অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি জননিরাপত্তা বিভাগ সর্বোচ্চ গুরুত্ব বিবেচনা করে কার্যক্রম গ্রহণ করেছে এবং ইতোমধ্যে অর্থ বিভাগের সহিত ফলপ্রসূ আলোচনার মাধ্যমে সিলিং বহির্ভূত অতিরিক্ত বরাদ্দের সংস্থান করা ফলপ্রসূ হয়েছে; যা অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট বিভাগের সহিত আলোচনাপূর্বক যৌক্তিকভাবে বিভাজন করা হয়েছে। তবে দেশের আইন-শৃংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধ,পুলিশের নতুন ইউনিট গঠন সংক্রান্ত প্রয়োজনীয় পরিকল্পনা করে তার প্রশাসনিক ও অর্থিক কার্যক্রম যৌক্তিক সময়ের মধ্যেই শেষ করতে হবে। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক চলতি ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান। তাছাড়া, সরকার ঘোষিত নির্বাচনী ইশতেহার, ভিশন- ২০২১ ও ভিশন ২০৪১ এবং APA, MBF প্রভৃতি বিষয় সামগ্রিক বিবেচনায় নিয়ে সরকার ঘোষিত সেবা জনগণের কাছে পৌছানো নিশ্চত করতে হবে; যাতে জননিরাপত্তা বিভাগের ভাবমূর্তি আরও উজ্জল হয়।

৮.৪। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়ঃ

(ক) চলতি ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়ের লক্ষমাত্রাঃ

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্রঃ নং | দপ্তর/অধিদপ্তর | ২০১৯-২০২০ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা | ২০১৯-২০২০ অর্থবছরের প্রস্তাবিত পরিচালন ব্যয় বরাদ্দ | ২০১৯-২০২০ অর্থবছরের প্রস্তাবিত উন্নয়ন ব্যয় বরাদ্দ |
|---|---|---|---|---|
| | | | | |
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১৪,২৪,০০ | ১৩৫,৩১,০০ | -- |
| ২ | উপদেষ্টা বোর্ড | -- | ১১,০০ | -- |
| ৩ | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | -- | ১৩,৬৫,০০ | -- |
| ৪ | এনটিএমসি | -- | ৮১,১৬,০০ | ১৮,০০,০০ |
| ৫ | ইন্টারপোল | -- | ৭০,০০ | -- |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ৫৯৫,২৮,৮০ | ১৪১৪৯,০৯,৯৩ | ১৩৩৯,৮৮,০০ |
| ৭ | বর্ডারগার্ড বাংলাদেশ | ১৫,৫৪,০০ | ৩৪০৩,৫৪,৩৯ | ৬৫,৪৮,০০ |
| ৮ | বাংলাদেশ আনসার ও ভিডিপি | ১০,৮০,০০ | ১৫৭৮,৭২,০৯ | ১৪,২৭,০০ |
| ৯ | বাংলাদেশ কোস্টগার্ড | ১,৬৪,০০ | ৩৯৪,৪৩,০০ | ৩২৮,৬৩,০০ |
| | থোক | -- | -- | ৪০০,১৯,০০ |
| | মোট = | ৫৮৩,০০,০০ | ১৯৭৫৬,৭২,৪১ | ২১৬৬,৪৫,০০ |

(খ) ২০২০-২০২১ ও ২০২১- ২০২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়ের প্রক্ষেপনঃ

| ক্রঃ নং | দপ্তর/অধিদপ্তর | রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন | | পরিচালন ব্যয় প্রক্ষেপন | | উন্নয়ন ব্যয় প্রক্ষেপন | |
|---|---|---|---|---|---|---|---|
| | অর্থবছর | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২০-২০২১ | ২০২১-২০২২ |
| ১) | সচিবালয়/জননিরাপত্তা বিভাগ | ১৫,৯৪,৭৫ | ১৭,৮৬,০০ | ১৫৫,৯৩,৮০ | ১৫৫,৬৩,৬৯ | ৮১,০০,০০ | ৭৫,০০,০০ |
| ২) | উপদেষ্টা বোর্ড | -- | -- | ১১,৯৮ | ১২,০০ | -- | -- |
| ৩) | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | -- | -- | ১৭,৮৭,৪০ | ১৯,০৫,০০ | -- | --- |
| ৪) | এনটিএমসি | -- | -- | ৮৯,৮৪,৪১ | ৯৫,৩২,৪৬ | ২০,০০,০০ | ২৫,০০,০০ |
| ৫) | ইন্টারপোল | -- | -- | ৭০,০০ | ৭০,০০ | -- | -- |
| ৬) | বাংলাদেশ পুলিশ | ৭৭১,১২,৯১ | ৮৬৩,৬৬,৫৫ | ১৫৬৩৪,৩৩,৪৬ | ১৬৫৮৮,০২,৯০ | ৬৩০,০০,০০ | ৬৭০,০০,০০ |
| ৭) | বর্ডারগার্ড বাংলাদেশ | ১৭.৪০,৯৩ | ১৯,৪৯,৮৪ | ৩৭৭১,২৯,০৭ | ৪০০১,৩৩,৯৪ | ২৪০,০০,০০ | ২৬০,০০,০০ |
| ৮) | বাংলাদেশ আনসার ও ভিডিপি | ১২,০৯,৮৬, | ১৩,৫৫,০৪ | ১৭৪২,০৭,৪৮ | ১৮৪৮,৩৪,১৪ | ১১৫,০০,০০ | ১৩০,০০,০০ |
| ৯) | বাংলাদেশ কোস্টগার্ড | ১,৮৩,৫৫ | ২,০৫,৫৭ | ৪৪৮,৬৩,৪০ | ৪৭৩,৮৭,৮৭ | ২৬০,০০,০০ | ২৮০,০০,০০ |
| | মোট | ৮১৮,৪২,০০ | ৯১৬,৬৩,০০ | ২১৮৬০,৮১,০০ | ২৩১৮২,৪২,০০ | ১৩৪৬,০০,০০ | ১৪৪০,০০,০০ |
| | থোক বরাদ্দ | -- | -- | -- | -- | -- | -- |
| ১০) | উন্নয়ন কর্মসূচি | -- | -- | -- | -- | -- | -- |
| | মোট = | ৮১৮,৪২,০০ | ৯১৬,৬৩,০০ | ২১৮৬০,৮১,০০ | ২৩১৮২,৪২,০০ | ১৩৪৬,০০,০০ | ১৪৪০,০০,০০ |

চলমান পাতা-৩

০৯। সভাপতি রাজস্ব ও উন্নয়ন বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ বিষয়সমূহকে প্রাধান্য দিতে এবং দপ্তর/অধিদপ্তরের সম্পদ ব্যবহারের ক্ষেত্রে সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্ম পদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। তবে যৌক্তিক আবেদন সরকার অবশ্যই বিবেচনা করবেন মর্মে সভাপতি সভাকে আশ্বস্ত করেন।

১০। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(ক) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিপ্তরসমূহকে APA এর মূল্যায়ন প্রতিবেদন (পরিশিষ্ট-খ) যা এ বিভাগের APA টিম কর্তৃক যাচাইকৃত তা সর্বসম্মতিতে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং তা নিয়ম অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সরকারের Rules of Buiness এর তফসিলভুক্ত Alloccation of Business অনুযায়ী আর্পিত দায়িত্ব পালন ও জনগণের চাহিত সেবা নিশ্চিত করার লক্ষে APA এর চুক্তি বাস্তবায়ন করতে হবে । জনগণের চাহিত সেবা নিশ্চিত করার লক্ষে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ ও বিভাজন করতে হবে। জনগণের চাহিত সেবা সহজতর করার লক্ষে জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের APA, SDG MBF এর সাথে সংগতি রেখে চুক্তির খসড়া আরও বাস্তবসম্মত প্রস্তুত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে APA সংশ্লিষ্ট কমিটি কাজ করবে এবং বাজেট-২ শাখা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

(খ) চলতি ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট বরাদ্দ এবং ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের প্রাক্কলন/প্রক্ষেপণ অনুযায়ী বিভাজন নির্ধারিত সময়ের পূর্বেই সম্পন্ন করতে হবে। অতিরিক্ত বাজেট বরাদ্দের আবশ্যকতা থাকলে তার যথাযথ যৌক্তিকতা উপস্থাপনপূর্বক প্রস্তাব প্রেরণ করতে হবে।

(গ) গত ২০১৮-২০১৯ অর্থবছরের আয় ব্যয়ের হিসাব আগামী ২৯/০৮/২০১৯ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) চলতি ২০১৯-২০২০ অর্থবছরের স্ব-স্ব দপ্তরের বার্ষিক ক্রয় পরিকল্পনা আগামী ২৯/০৮/২০১৯ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের স্ব-স্ব দপ্তর/অধিদপ্তরের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা আগামী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) বাংলাদেশ পুলিশ, বিজিবি ও অন্যান্য সংস্থার টিওএন্ডইভুক্ত যানবাহন ক্রয় করার জন্য সকল প্রশাসনিক নিয়মাচার সম্পন্নপূর্বক সরকারে নীতিমালা অনুযায়ী যথাযথভাবে প্রস্তাব প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং বিষয়টি ত্বরান্বিত করার জন্য অর্থ বিভাগের সাথে একটি ত্রি-পক্ষীয় সভার আয়োজনের পদক্ষেপ গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১১। সভার আলোচ্যসূচিতে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোস্তাফা কামাল উদ্দীন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

বিতরণঃ

১। ------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ/ উন্নয়ন/ পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আসী/ আইন ও শৃংখলা জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। উপ প্রধান, পরিকল্পনা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬১৭৬

নং- ৪৪.০০.০০০০.০২৪.০৫.০২১.২০১৯- ৮৬৫/১৭(৪) তারিখ ঃ ০৫ আগস্ট, ২০১৯ খ্রিঃ। / ২১ শ্রাবণ ১৪২৬ বঃ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।(ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। যুগ্মসচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৬/০৮/১৯

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব